চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৪ নভেম্বর ২০১৭খ্রি.

১৩ কার্যদিবসে ২৩৩৮ টি আপিল নিষ্পত্তি হয়েছে
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের
রিভিউ বোর্ডের শুনানীতে আজ ২২৪ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি শেষে ভেল্যু কমেছে ৭৫.৯৮%

গত ২৯ অক্টোবর ২০১৭ খ্রি. ১৪ নভেম্বর ২০১৭ খ্রি. পর্যন্ত ১৩ কার্যদিবসে ২৩৩৮ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি করেছে আপিল রিভিউ বোর্ড । এসকল হোল্ডারদের বর্তমান এসেসমেন্ট ভ্যালু ছিল ৩৭ কোটি ৫৩ লক্ষ ৮৭ হাজার ৪ শত টাকা। আপিল রিভিউ বোর্ড পূর্বের ভ্যালু থেকে কমিয়ে নিষ্পত্তিক্রমে চূড়ান্তভাবে ভ্যালু ধার্য করেছে ১০ কোটি ৪০ লক্ষ ৯২ হাজার ৩ শত ৬০ টাকা। এর ফলে আপিলকারীদের ভ্যালু কমেছে ২৭ কোটি ১২ লক্ষ ৯৫ হাজার ৪০ টাকা। গড়ে ভ্যালু হ্রাস পেয়েছে ৭২ .২৭% এবং ৫১ টাকা করে টোকেন ট্যাক্স নির্ধারিত হয়েছে ১৯১ হোল্ডারের। আজ ১৪ নভেম্বর ২০১৭ খ্রি. সার্কেল-১ এর আপিলকারীদের আপিল নিষ্পত্তির জন্য সকাল ১১ টা থেকে রিভিউ বোর্ড এর কার্যক্রম শুরু হয়। ২২৪টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। আজকের শুনানীতে আপিল রিভিউ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ২৩৫ জন হোল্ডার এর নিকট পত্র প্রেরণ করা হলে তন্মোধ্যে ২২৪ জন হোল্ডার আপীল রিভিউ বোর্ডে শুনানীর জন্য উপস্থিত হন। আপীল রিভিউ বোর্ড হোল্ডারদের আপত্তি আমলে নিয়ে নির্ধারিত ভেল্যু থেকে গড়ে ৭৫ .৯৮% ছাড় দিয়েছে। এছাড়াও আপিল রিভিউ বোর্ড ১৬ জন গরীব হোল্ডারকে বছরে নামমাত্র ৫১ টাকা হোল্ডিং ট্যাক্স ধার্য্য করে দিয়েছে। আপিল রিভিউ বোর্ড ২২৪ জন হোল্ডারের অ্যাসেসমেন্ট ভেল্যু ৪ কোটি ৫৫ লক্ষ ১০ হাজার ৭ শত টাকা থেকে কমিয়ে ১ কোটি ৯লক্ষ৩২ হাজার ৭ শত ৪০ টাকা চূড়ান্ত ভেল্যু ধার্য্য করেছে। ফলে এ্যাসেসমেন্ট ভ্যালু থেকে ৩ কোটি ৪৫ লক্ষ ৭৭ হাজার ৯ শত ৬০ টাকা ভেল্যু কমেছে। আজো আপিল রিভিউ বোর্ড দু ’ভাগে বিভক্ত হয়ে শুনানীতে অংশ নেন। মেয়র দপ্তরে অনুষ্ঠিত শুনানীতে সভাপতিত্ব করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে রিভিউ বোর্ডের শুনানীতে মেয়রের পক্ষে সভাপতিত্ব করেন কাউন্সিলর হাবিবুল হক। প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী এম.আবদুর রশিদ, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, কর কর্মকর্তা ও উপ কর কর্মকর্তা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৪ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত
৪ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

১৪ নভেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে নগর ভবনে সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে লামাবাজার এ.এ.এস সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, গোসাইলডাঙ্গা কে.বি.দোভাষ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পাথরঘাটা মেনকা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, বাগমনিরাম সিরাজা খাতুন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত পরিচালনা কমিটির কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সমাজ বিনির্মানে নৈতিক শিক্ষার কোন বিকল্প নেই। চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে হতদরিদ্র পরিবারেরছেলে-মেয়েদের বিনা ফিতে শিক্ষার সুযোগ দেয়া হবে।

শিক্ষার গুনগতমান বৃদ্ধি এবং শিক্ষকদের কর্মঘন্টা নির্ধারন করে পাঠদান প্রণয়ন করতে হবে। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষকদের নির্দিষ্ট সময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রধান শিক্ষকদের তাগাদা দেন।সভায় লামাবাজার এ.এ.এস সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় এর নব নির্বাচিত কমিটির অনুমোদন , গোসাইলডাঙ্গা কে.বি.দোভাষ সিটি কর্পোরেশন স্কুল প্রাঙ্গনে ১টি শহীদ মিনার স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা মো. সাইফুর রহমান এবং পরিচালনা কমিটির সদস্য ও সদস্য সচিব সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন

চট্টগ্রাম- ১৪ নভেম্বর ২০১৭খ্রি.

এয়ারপোর্ট রোডের সৌন্দর্য্য বর্ধন সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও জিপিএইচ ইস্পাতের মধ্যকার এমওইউ স্বাক্ষর অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর ক্লিন ও গ্রিন সিটির ভিশন বাস্তবায়নে কর্পোরেট হাউস সহ নগরবাসীর সহযোগিতা প্রত্যাশা করে নগরীর এয়ারপোর্ট রোডের ৭ হাজার ৫ শত ফুট মিড আইল্যান্ড সৌন্দর্য বর্ধনে জিপিএইচ গ্রুপ এগিয়ে আসায় তাদেরকে অভিনন্দন জানান। মেয়র বলেন, প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকা ব্যয়ে জিপিএইচ গ্রুপ সৌন্দর্য বর্ধন করছেন। এতে এয়ারপোর্ট রোড নতুন সাজে সাজবে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ক্লিন ও গ্রিন সিটি বাস্তবায়ন কার্যক্রমে অনেক প্রতিষ্ঠান ও কর্পোরেট হাউস সহযোগিতার আশ্বাস দিয়েছেন। আশা করা যাচ্ছে ২০১৮ সনের মধ্যে চট্টগ্রাম নগরীকে পরিবেশ বান্ধব, দৃষ্টিনন্দন, বাসোপযুগি একটি নগরী হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। এ প্রসঙ্গে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিজস্ব অর্থায়নে এয়ারপোর্ট রোডে নতুন ৩টি ব্রিজকে বিউটিফিকেশনের আওতায় আনায়নের লক্ষ্যে ৩ কোটি টাকা ব্যয় করবে। এ লক্ষ্যে ইতোমধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। ১৪ নভেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকাল ৩ টায় মেয়র দপ্তরে এয়ারপোর্ট রোডের সৌন্দর্য্য বর্ধন সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও জিপিএইচ ইস্পাতের মধ্যকার এমওইউ স্বাক্ষর অনুষ্ঠানে মেয়র এ আহবান জানান। এমওইউ স্বাক্ষর অনুষ্ঠানে সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, জিপিএইচ ইস্পাত গ্রুপের এমডি মোহাম্মদ জাহাঙ্গীর আলম, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. আলমাস শিমুল, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলর,জিপিএইচ ইস্পাত গ্রুপের মিডিয়া এডভাইজার অভিক উসমান, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, জিপিএইচ ইস্পাত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কর্মসূচীতে ভ্যানগাড়ী প্রদান করে সহযোগিতার হাত প্রসারিত করেছিল। এছাড়াও এয়ারপোর্ট রোডটির সৌন্দর্য বর্ধন কাজের আর্কিটেকচেরাল ডিজাইনার সংস্থা পিটুপি এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এমওইউতে স্বাক্ষর করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং জিপিএইচ ইস্পাত এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

চট্টগ্রাম- ১৪ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট এর ৫১তম ব্যাচ'র ছাত্র-ছাত্রীদের বিদায়, শিক্ষা ভবন ও শহীদ মিনার উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আত্মকেন্দ্রিকতা ও স্বার্থপরতা পরিহার করে সাধারন মানুষের দুঃখ কষ্টকে আমলে এনে কর্মক্ষেত্রে সততার সাথে দায়িত্ব পালন করে দেশ ও জাতির কল্যানে নিবেদিত হতে হবে। প্রকৃত মানুষ কখনো মানুষের অকল্যান করতে পারে না। শিক্ষা অর্জন করে আলোকিত মানুষ হওয়ার পেছনে এদেশের জনগনের সম্পৃক্ততা রয়েছে। রাষ্ট্র ও জনগনের টাকায় অর্জিত জ্ঞাণকে দেশের স্বার্থে কাজে লাগাতে হবে। মেয়র শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, যে মা-বাবা তাঁর সন্তানদের সু শিক্ষিত ও মানুষের মত মানুষ হিসেবে গড়ে তোলার জন্য সবকিছু বিসর্জন দেন সেই মা -বাবার প্রতি

সন্তানদের সর্বোচ্চ সম্মান-মর্যাদা অটুট রেখে আমরণ তাদেরকে সেবা দিতে হবে। তিনি বলেন, শিক্ষার্থী সকলকে মাতা -পিতার সিদ্ধান্ত ও শিক্ষকদের পরামর্শ মেনে নীতি ও আদর্শবান আলোকিত নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে । মেয়র বলেন, মা বিশ্বস্থ ও নিঃস্বার্থ ব্যক্তি, নিঃসংকোচে মা এর প্রতি সর্বোচ্চ আনুগত্য দেখাতে হবে । ১৪ নভেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট এর ৫১তম ব্যাচ'র ছাত্র-ছাত্রীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপত্বি করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নুরুল কবির। এতে প্রধান আলোচক ছিলেন বঙ্গবন্ধু প্রজন্মলীগের সাংগঠনিক সম্পাদক এ এম মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন অত্র পলিটেকনিক ইনষ্টিটিউট শিক্ষক সমিতির সভাপতি তাপস কান্তি দে। চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের বিজ্ঞাণ ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মো. আশরাফুল ইসলাম, উপ তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মোরশেদুল আলম মোরশেদ, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান মিজান, ছাত্র সংসদের ভিপি বেলাল উদ্দিন বেলাল, ছাত্রলীগের সিনিয়র সহ সভাপতি হাসান মাসুদ, ছাত্র সংসদের জিএস আরিফ হাসান, ছাত্রলীগের যুগ্ম সাধারন সম্পাদক শরিফুল ইসলাম মিয়াজি, আনিসুল ইসলাম সাজিদ, ৫১ ব্যাচের বিদায়ী ছাত্র রেদোয়ান হোসেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন ছাত্র সংসদের এজিএস ইমন সরকার ও শম্পা ইসলাম। অনুষ্ঠানে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এর শিক্ষক মন্ডলী, ছাত্রলীগ ও ছাত্রসংসদের নেতৃবৃন্দ এবং চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ ,প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের ফুল ও ক্রেষ্ট প্রদান এবং আলোচনা সভা শেষে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অর্থায়নে ১ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়িত ৪ তলা ভবন বিশিষ্ট পাওয়ার ওয়ার্কশপ এবং ৮ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে নির্মিত শহীদ মিনারের ফলক উম্মোচন করে উদ্বোধন করেন পরে মনোজ্ঞ র‍্যালী ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা